

## খুলনা বিশ্ববিদ্যালয়ের ৮ কর্মকর্তাকে হয়রানির অভিযোগ

খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশকঃ  
দুর্ভোগ ও জাণ মন্ত্রণালয় কর্তৃক গ্রামীণ  
অবকাঠামো উন্নয়নের জন্য ২০০১-২০০২  
অর্থবছরে বরাদ্দকৃত চাল বিতরণে  
অনিয়মের অভিযোগে খুলনা বিশ্ববিদ্যালয়ের  
৮ জন কর্মকর্তার বিরুদ্ধে ঢাকার দুর্নীতি  
দমন ব্যুরো তদন্তের নামে হয়রানি করছে  
বলে অভিযোগ পাওয়া গেছে।

বিএনপির নেতৃত্বে চারদলীয় জোট  
কমতায় আসার পর দলীয় উপাচার্য আবদুল  
কাদির ভূঁইয়া আওয়ামী লীগ সরকারের  
আমলে নিয়োগপ্রাপ্ত খুলনা বিশ্ববিদ্যালয়ে  
শীর্ষস্থানীয় আটজন কর্মকর্তাকে হয়রানি  
করতে দুর্নীতি দমন ব্যুরো, ঢাকাতে মামলা  
করার জন্য চিঠি দেন বলে অভিযোগ  
পাওয়া গেছে।

৮ জন কর্মকর্তাকে বিশ্ববিদ্যালয় থেকে  
বহিষ্কারের জন্য চলতি মাসের ২ তারিখে  
প্রাথমিক সিদ্ধান্ত নেয়া হয়; কিন্তু  
সিভিকিটের একজন সদস্য এবং শিক্ষা  
মন্ত্রণালয়ের যুগ্মসচিব বিরোধিতা করেন  
সিদ্ধান্তটির আইনগত কোন ভিত্তি নেই  
বলে।

যে ৮ জন কর্মকর্তার নামে দুর্নীতি দমন  
ব্যুরো (ঢাকা)-তে মামলা দায়ের করানো  
হয়েছে তাদের বিরুদ্ধে অভিযোগ খুলনা  
বিশ্ববিদ্যালয়ের জন্য বরাদ্দ চাল দিয়ে তারা  
ঠিকমত নিয়ম মেনে মাটি ভরাটের কাজ  
করাননি। তবে সংশ্লিষ্ট প্রকল্পের বাস্তবায়ন  
কর্মকর্তা জাণ মন্ত্রণালয়ের অডিট টিম  
সম্পূর্ণরূপে ও ঠিকমত কাজ হয়েছে এ  
মর্মে তাদের প্রতিবেদন দাখিল করেছেন  
বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।